

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/১২৯৫

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২ এ পুনঃপরীক্ষায় অংশগ্রহণেচ্ছ শিক্ষার্থীদের ফি জমা দান প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২১ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২ এ পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের পুনঃপরীক্ষার জন্য অন-লাইনে আবেদন এবং ফি আগামী ২৭/০৫/২০২৪ তারিখের মধ্যে মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে জমা দিতে হবে।

২। exam.bou.ac.bd ওয়েব সাইটের “পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা” লিংকে গিয়ে আবেদন ও ফি জমা প্রদান করতে হবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। নির্ধারিত তারিখের পর পুনঃপরীক্ষার ফি জমা দেয়া যাবে না।

৩। বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২১ এ ১০টির অধিক কোর্সে রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের অতিরিক্ত কোর্স বাদ দিয়ে ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত শিক্ষার্থীদের মধ্যে যারা বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২-এ অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে নির্ধারিত ব্যাংকে পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে কোর্স (যে সকল কোর্স বাদ পড়েছে/ফলাফল পায়নি) উল্লেখ করে আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে আগামী ২৭/০৫/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

আবেদনকৃত শিক্ষার্থীদের তালিকা (শিক্ষার্থী নম্বর, সেমিস্টার, কোর্সের নাম, কোর্স কোড, টাকার রশিদ নম্বর, তারিখ উল্লেখসহ) সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র থেকে আগামী ৩০/০৫/২০২৪ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

আপনার বিশ্বাসভাজন।

*(Signature)*  
০৭/০৫/২০২৪

(মোঃ কামরুজ্জামান ভূঞা)  
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
কম্পিউটার বিভাগ  
সর্বোচ্চ ব্যক্তিগত/ব্যক্তিগত এম এম এম  
তারিখ : ২০২৪  
৭/৭/২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. একান্ত সচিব, উপ-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৮. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা